রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ১৬, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**[মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ/ ১৫ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৫১-আইন/২০২৬/মূসক**।—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নং-১৬০-আইন/২০২৫/২৮৮-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের:—

(ক) টেবিল-১ (আমদানি পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত-শিরনামা সংখ্যা (Heading No.) 27.11 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“

| | | |
|---|---|---|
| 27.11 | 2711.11.00 | Liquefied Natural Gas (LNG) |

”;

(খ) টেবিল-৩ (উৎপাদন পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত-শিরনামা সংখ্যা (Heading No.) 27.11 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত

এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“

| | | |
|---|---|---|
| 27.11 | 2711.12.00<br>2711.13.00 | এলপি গ্যাস |

”;

(গ) টেবিল-৫ (ব্যবসায়ী পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত-শিরনামা সংখ্যা (Heading No.) 27.11 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“

| | | |
|---|---|---|
| 27.11 | সংশ্লিষ্ট<br>এইচ.এস. কোড | এলপি গ্যাস |

”।

তবে শর্ত থাকে যে, আমদানি পর্যায়ে সমুদয় মূসক অব্যাহতি সুবিধায় আমদানিকৃত এলপি গ্যাস এর ক্ষেত্রে এই প্রজ্ঞাপনে বর্ণিত উৎপাদন ও ব্যবসায়ী পর্যায়ের এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না তবে, এই প্রজ্ঞাপন জারির পূর্বে বলবৎ অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০২৬ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ

সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd